

আর্কিটেকচার ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষার A ইউনিটের অধীনে আর্কিটেকচার ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষার আবেদনকারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আর্কিটেকচার ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষাটি ২৭/০৪/২০২৪ তারিখ বিকাল ৩:৩০ টা হতে ৪:৩০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। প্রত্যেক আবেদনকারীর জন্য নির্ধারিত আসনে (যে আসনে ২৭/০৪/২০২৪ তারিখ দুপুর ১২:০০ টা হতে বেলা ১:০০ টা পর্যন্ত অনুষ্ঠিতব্য A ইউনিটের পরীক্ষায় অংশগ্রহণ করবে) পরীক্ষা দিতে হবে। A ইউনিটের ভর্তি পরীক্ষায় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্রটি অবশ্যই সংগে রাখতে হবে।

আর্কিটেকচার ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষার্থীদের জন্য বিশেষ নির্দেশাবলী:

- প্রত্যেক পরীক্ষার্থীকে তাঁর প্রবেশপত্রে উল্লেখিত নির্ধারিত কক্ষের নির্দিষ্ট আসনেই পরীক্ষা দিতে হবে।
- A ইউনিটের ভর্তি পরীক্ষার সময় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে রাখতে হবে।
- পরীক্ষায় অংকন-এর জন্য শুধুমাত্র কালো পেন্সিল ব্যবহার করতে হবে। কোনো প্রকার রঙ বা কলম ব্যবহার করা যাবে না।
- পরীক্ষায় অংকন মুক্তহস্তে হতে হবে; স্কেল, কম্পাস বা কোনো প্রকার মাধ্যম ব্যবহার করা যাবে না।

বিস্তারিত জানতে ভিজিট করুন: <https://gstadmission.ac.bd/>